Office of The Dean

Post Graduate Studies (PGS)
SHER-E-BANGLA AGRICULTURAL UNIVERSITY
SHER-E-BANGLA NAGAR, DHAKA-1207. BANGLADESH.

স্মারক নং- শেকৃবি/ডীন/পি.জি.এস/১(১২)/..৯৯০ তারিখঃ ১৯/১২/২০১৬ইং

অফিস স্মারকলিপি

বিষয়ঃ MS, MBA (Agribusiness) ও Ph.D Programme এর Semester: January-June/2016 ইং এ ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি শেকৃবি ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৫/১২/২০১৬ইং তারিখে বিভাগীয় চেয়ারম্যানদের সমন্বয়ে গঠিত PCMC'র সভার সিদ্ধান্ত মোতাবেক MS, MBA (Agribusiness) ও Ph.D Programme এর Semester: January-June/2016 ইং এ ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সম্বলিত সংযুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ০১/০১/২০১৭ইং তারিখের পূর্বে শেকৃবি ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

(প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাস)
ডীন
পোষ্ট গ্রাজুয়েট স্টাডিজ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
ঢাকা-১২০৭

রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

অনুলিপিঃ

০১। পরিচালক, তথ্য ও যোগাযোগ কেন্দ্র, শেকৃবি, ঢাকা।
০২। একান্ত সচিব, ভিসি সচিবালয় (ভিসি মহোদয়কে সদয় অবগতির জন্য) শেকৃবি, ঢাকা।
০৩। পি.এ. টু প্রো ভাইস-চ্যান্সলর (প্রো-ভিসি মহোদয়কে সদয় অবগতির জন্য) শেকৃবি, ঢাকা।
০৪। অফিস কপি।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

Sher-e-Bangla Agricultural University

শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭, বাংলাদেশ

স্মারক নং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/ তারিখঃ ১৯/১২/২০১৬ খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি)-এ জানুয়ারী-জুন/২০১৬ খ্রিঃ সেমিস্টারে এমএস, এমবিএ (এগ্রিবিজনেস) ও পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০১. এমএস প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ঃ

শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

ভর্তির জন্য নির্ধারিত বিভাগসমূহ ঃ (কৃষি অনুষদ) ঃ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের অন্তর্ভূক্ত এগ্রোনমী, এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, বায়োকেমিস্ট্রি, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী, সয়েল সায়েন্স, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্টাল সায়েন্স এবং বায়োটেকনোলজী।

০২. <u>এমবিএ (এগ্রিবিজনেস) প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী</u> ঃ-

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিএসসি (এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট) স্নাতক (সম্মান)/বিবিএ (এগ্রিবিজনেস) স্নাতক ডিগ্রীধারী প্রার্থীরা এমবিএ (এগ্রিবিজনেস) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

০৩. পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ঃ

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং থিসিসসহ কৃষি বিজ্ঞানে এমএস/ এমফিল/ এমএসসি ডিগ্রী অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় থেকে সমমানের ডিগ্রী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

খ) স্নাতকোত্তর পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (কমপক্ষে ৫০% নম্বর) অথবা CGPA ৪.০ এর মধ্যে ৩.০ থাকতে হবে।

গ) শিক্ষকতা/গবেষণা/সম্প্রসারণে ২ বৎসর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

ঘ) স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের পর ২টি বৈজ্ঞানিক প্রকাশনা থাকতে হবে।

অথবা

প্রথম শ্রেণী প্রাপ্ত B.Sc. Ag. (Hons)/ সমমানের ডিগ্রীসহ এমএস পরীক্ষায় CGPA ৪.০ এর মধ্যে ৩.৯ অর্জনকারী প্রার্থীগণ সরাসরি পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

ভর্তির জন্য নির্ধারিত বিভাগসমূহ ঃ (কৃষি অনুষদ) ঃ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রোনমী, এগ্রিকালচারাল বোটানী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী, সয়েল সায়েন্স, এন্টোমোলজী, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম এবং এগ্রিকালচারাল কেমিস্ট্রি।

০৩. ভর্তি সংশ্লিষ্ট তথ্যাবলী ঃ

ক) ০১, ০২ ও ০৩ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে ভর্তির জন্য ডীন, পোষ্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা এর অফিস থেকে নির্ধারিত এমএস, এমবিএ ভর্তির আবেদন ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং পিএইচ.ডি ভর্তির আবেদন ফরম নগদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র প্রদানপূর্বক ০১/০১/২০১৭ খ্রিঃ তারিখ থেকে সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরম ১৩/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

খ) আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযোজন করতে হবে। চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট নিয়োগ কর্তার নিকট হতে অনুমতিপত্র সংযোজন করতে হবে।

গ) চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে। প্রার্থীদের এমএস প্রোগ্রামের জন্য গবেষণা ব্যয় হিসাবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সংশ্লিষ্ট বিভাগে এবং পিএইচ.ডি প্রোগ্রামের জন্য বেঞ্চ ফি হিসাবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয় ক্যাশ শাখায় জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।

ঘ) এমএস প্রোগ্রামের জন্য আবেদনকারীগণকে আবেদন ফরমে তার পছন্দের বিষয়ক্রম উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট অনুষদের প্রথম পছন্দের বিভাগে আবেদন ফরম জমা দিতে হবে। মেধা ও বিষয় পছন্দের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা ১৯/০১/২০১৭ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডীন, পোষ্ট গ্রাজুয়েট স্টাডিজ এর অফিসের নোটিশ বোর্ডে দেয়া হবে।

ঙ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগ কর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান অফিসে জমা দিতে হবে।

চ) নির্বাচিত প্রার্থীগণকে ২২/০১/২০১৭ খ্রিঃ হতে ২৩/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।

ছ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস আগামী ২৪/০১/২০১৭ খ্রিঃ তারিখে শুরু হবে।

জ) অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়